



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর  
গাজীপুর-১৭০০

স্মারক নং- ঢাপ্রপ্রবি/৩৭০/২০০৮/৭৪৮

তারিখ : ২০/০৩/২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ২৬শে মার্চ রবিবার “মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৭” উদযাপন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে নিম্নরূপ কর্মসূচী গ্রহণ করা হইয়াছে।

ক্রমিক নং	কর্মসূচী	সময়	বাস্তবায়নকারী বিভাগ/অফিস/শাখা
১।	(ক) প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাস ভবন, লাইব্রেরী ভবন-এ জাতীয় পতাকা উত্তোলন। (খ) হলসমূহে জাতীয় পতাকা উত্তোলন।	সকাল ৬:০০ ঘটিকা	(ক) পরিবেশ, ক্যাম্পাস ওয়েলফেয়ার ও নিরাপত্তা কমিটি (খ) সংশ্লিষ্ট হল কর্তৃপক্ষ
২।	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে বঙ্গভবনে অনুষ্ঠিতব্য রাষ্ট্রীয় সংবর্ধনা অনুষ্ঠানে অমন্ত্রণক্রমে সিলেকশন গ্রেডের অধ্যাপক, অধ্যাপক ও তদুর্ধ্ব এবং সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের বঙ্গভবনে গমন।	আমন্ত্রণ অনুযায়ী	রেজিস্ট্রার অফিস ও পরিচালক (যানবাহন)
৩।	জাতির শান্তি, অগ্রগতি ও মহান মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করিয়া বিশ্ববিদ্যালয় মসজিদে বিশেষ মোনাজাত।	বাদ যোহর	মসজিদ পরিচালনা কমিটি
৪।	আলোক সজ্জা।	সরকারী সিদ্ধান্ত অনুযায়ী	প্রকৌশল অফিস
৫।	রচনা প্রতিযোগিতা (শিক্ষার্থীদের জন্য) বিষয়ঃ মুক্তিযুদ্ধের চেতনায় ডিজিটাল বাংলাদেশ।	--	পরিচালক (ছাত্র কল্যাণ) দপ্তর
৬।	ঢাকা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা ও আলোচনা অনুষ্ঠান।	সকাল ৯:০০ ঘটিকা	স্কুল পরিচালনা কমিটি
৭।	চিত্র প্রদর্শনী ও ডকুমেন্টারী বিষয়ঃ মহান মুক্তিযুদ্ধের প্রেক্ষাপট।	বিকাল ৫:০০ ঘটিকা	পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) দপ্তর

উল্লেখ্য যে, এতদসংক্রান্ত বিষয়ে আলোচনা অনুষ্ঠান মার্চ/২০১৭ এর মধ্যে মাননীয় প্রধান অতিথির সম্মতি সাপেক্ষে অনুষ্ঠিত হইবে।

উক্ত কর্মসূচীকে সাফল্যমন্ডিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাইতেছে।

*(Handwritten signature)*  
20.03.17

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
ফোনঃ ৪৯২৭৪০০৩ (অফিস)  
তারিখ : ২০/০৩/২০১৭ খ্রিঃ

স্মারক নং- ঢাপ্রপ্রবি/৩৭০/২০০৮/৭৪৮

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। এপিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। জেলা প্রশাসক, গাজীপুর;
- ৩। পুলিশ সুপার, গাজীপুর;
- ৪। উপ-পরিচালক, জাতীয় নিরাপত্তা ও গোয়েন্দা, গাজীপুর;
- ৫। সভাপতি, পরিবেশ, ক্যাম্পাস ওয়েলফেয়ার ও নিরাপত্তা কমিটি;
- ৬। সভাপতি, মসজিদ পরিচালনা কমিটি;
- ৭। সভাপতি, স্কুল পরিচালনা কমিটি;
- ৮। সকল-ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান;  
(সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে অবহিতকরণসহ কার্যকরী ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হইল)
- ৯। কম্পিউটার (ভারপ্রাপ্ত);
- ১০। সহযোগী পরিচালক (ছাত্র কল্যাণ);
- ১১। প্রোগ্রামার, কম্পিউটার সেন্টার;  
(বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)
- ১২। সহকারী পরিচালক, (গবেষণা ও সম্প্রসারণ);
- ১৩। সিনিয়র ট্রান্সপোর্ট অফিসার, যানবাহন শাখা;
- ১৪। প্রধান শিক্ষক, ঢাকা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল, গাজীপুর;
- ১৫। সিকিউরিটি অফিসার;
- ১৬। সিনিয়র পেশ ইমাম, কেন্দ্রীয় মসজিদ;
- ১৭। সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ;
- ১৮। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

*(Handwritten signature)*  
20.03.17  
(মোঃ মফিজুর রহমান)  
ডেপুটি রেজিস্ট্রার